# শিবচর উপজেলা পরিষদের ২০২২ সনের ৯ম (সেপ্টেম্বর) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ০৪-১০-২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ঘটিকা |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি বলেন, আজকের সভায় জনাব নুর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় ও জনাব ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর এবং জনাব মুনীর চৌধুরী, নবনির্বাচিত জেলা পরিষদের চেয়ারম্যান উপস্থিত হওয়ায় সভাকে গুরুত্ব বহন করছে এজন্য তিনি সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, আজকের সভা খুবই গুরত্বপূণ। সভায় জনাব নুর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় ও জনাব ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর মহোদয় এবং জনাব মুনীর চৌধুরী, নবনির্বাচিত জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় উপস্থিত হওয়ায় সভাকে প্রাণবন্ত করছে। এজন্য তিনি সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি গত ২২-০৯-২০২২তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২।** উপজেলা পরিষদের কমিটি পূণঃগঠন সংক্রান্ত আলোচনাঃ জনাব নুর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন,১৯৯৮ (সংশোধন আইন-২০১১) অনুযায়ী এর নব-নির্বাচিত উপজেলা পরিষদের চেয়ারম্যানদের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৭টি কমিটি পূণঃগঠন করা প্রয়োজন। অতঃপর সভাপতি কমিটি গঠনের নিমিত্ত একটি খসড়া প্রস্তাব সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপভাবে ১৭টি কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**১। আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, পাঁচচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, কাঠালবাড়ি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | ও, সি, শিবচর থানা, শিবচর, মাাদারীপুর। | সদস্য সচিব |

**২। যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, কাদিরপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, দওপাড়া ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, মাদবরচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা প্রকৌশলী, শিবচর, মাাদারীপুর। | সদস্য সচিব |

**৩। কৃষি ও সেচ সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, কাদিরপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, চরজানাজাত ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান,বহেরাতলা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা কৃষি অফিসার, শিবচর, মাাদারীপুর। | সদস্য সচিব |

**৪। মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষা সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, দত্তপাড়া ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, মাদবরেরচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, শিরুয়াইল ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাাদারীপুর। | সদস্য সচিব |

৫। **প্রাথমিক ও গণ শিক্ষা সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, উমেদপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, ভান্ডারীকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, বন্দরখোলা ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাাদারীপুর। | সদস্য সচিব |

৬। **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, কাদিরপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, দত্তপাড়া ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, বাঁশকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | চেয়ারম্যান, সন্যাসিরচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| চ. | উপজেলা স্বাস্থ্য ও প.প./পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, মাাদারীপুর। | সদস্য সচিব |

৭। **যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, উমেদপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, নিলখী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর। | সদস্য সচিব |

৮। **মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, দ্বিতীয়খন্ড ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, বহেরাতলা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, ভান্ডারীকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | চেয়ারম্যান, বন্দরখোলা ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| চ. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর। | সদস্য সচিব |

৯। **সমাজ কল্যাণ বিষয়ক কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, বহেরাতলা উত্তর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, সন্যাসিরচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর। | সদস্য সচিব |

১০। **মুক্তিযোদ্ধ সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, বহেরাতলা উত্তর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, দ্বিতীয়খন্ড ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, শিরুয়াইল ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর। | সদস্য সচিব |

১১। **মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, কাঁঠালবাড়ি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, চরজানাজাত ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঘ. | চেয়ারম্যান, বন্দরখোলা ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| ঙ. | উপজেলা প্রাণিসম্পদ/উপজেলা মৎস্য অফিসার, শিবচর, মাদারীপুর। | সদস্য সচিব |

১২। **পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ক. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। | সভাপতি |
| খ. | চেয়ারম্যান, পাঁচ্চর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |
| গ. | চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। | সদস্য |

ঘ. চেয়ারম্যান, দ্বিতীয়খন্ড ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঙ. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর। সদস্য সচিব

**১৩। সাংস্কৃতিক সংক্রান্ত কমিটিঃ**

ক. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। সভাপতি
খ. চেয়ারম্যান, বাঁশকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
গ. চেয়ারম্যান, উমেদপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঘ. চেয়ারম্যান, নিলখী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঙ. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর। সদস্য সচিব

**১৪। বন ও পরিবেশ সংক্রান্ত কমিটিঃ**

ক. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। সভাপতি
খ. চেয়ারম্যান,বহেরাতলা উত্তর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
গ. চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঘ. চেয়ারম্যান, ভান্ডারীকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঙ. উপজেলা ফরেস্টার, শিবচর, মাদারীপুর। সদস্য সচিব

**১৫। বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কমিটিঃ**

ক. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। সভাপতি
খ. চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ,শিবচর, মাদারীপুর। সদস্য
গ. চেয়ারম্যান, শিরুয়াইল ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঘ. চেয়ারম্যান, মাদবরেরচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঙ. উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর। সদস্য সচিব

**১৬। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন সংক্রান্ত কমিটিঃ**

ক. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। সভাপতি
খ. চেয়ারম্যান, কাঠালবাড়ি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
গ. চেয়ারম্যান, মাদবরেরচর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঘ. চেয়ারম্যান, বাঁশকান্দি ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঙ. চেয়ারম্যান, বহেরাতলা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
চ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর। সদস্য সচিব

১৭। জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত কমিটিঃ

ক. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। সভাপতি
খ. চেয়ারম্যান, পাঁচ্চর ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
গ. চেয়ারম্যান, চরজানাজাত ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঘ. চেয়ারম্যান, নিলখী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। সদস্য
ঙ. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শিবচর, মাদারীপুর। সদস্য সচিব

**আলোচ্য সূচি-০৩। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর স্বাস্থ্য কমপ্লেক্সে সকাল ৮.০০ টা থেকে বিরতিহীন চিকিৎসা সেবা প্রদান করা হয়। তিনি বলেন, হাসপাতালে ২৪ ঘন্টা ইমার্জেন্সী চালু রয়েছে। হাসপাতালে ভর্তি যে সকল রোগী আছে ও বহিঃ বিভাগে এবং জরুরী বিভাগে আগত যে সকল রোগী আসেন তাদেরকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হচ্ছে। জনবল (৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী) সংকট রয়েছে, যার কারণে রোগীদের সেবা দিতে হিমশিম খেতে হচ্ছে। তিনি আরও বলেন, সরকার কর্তৃক প্রদেয় করোনা ভাইরাসের ভ্যাকসিনের যে লক্ষ্যমাত্রা দিয়েছিল তা অর্জিত হয়েছে। ১১ অক্টোবর,২০২২ তারিখ থেকে ৫-১১ বছর বয়সী ছেলেমেয়েদের করোনার ভ্যাকসিন প্রদানের কার্যক্রম শুরু হবে। তিনি আরও বলেন, ১০০ বেডের নতুন ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত ২৫-৩০% কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন, হাসপাতালে রোগীর চাপ থাকায় আইন-শৃংখলা রক্ষার্থে আনসার সদস্য মোতায়েনের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

এ বিষয়ে জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর বলেন, শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অবকাঠামো দিক দিয়ে কতটুকু উন্নয়ন হয়েছে, সেটার তথ্য আগামী উপজেলা পরিষদের মিটিং-এ উপস্থাপন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচরকে অনুরোধ জানান। শিবচর হাসপাতালের বিভিন্ন বেড, ওয়াশরুম পরিষ্কার পরিচ্ছন্ন নয়। তিনি আরও বলেন, চিকিৎসকগণ সময়মত হাসপাতালে আসছে কি-না তা ভালভাবে মনিটরিং করতে হবে।রোগীরা যাতে সঠিক চিকিৎসা পায়, সেদিকে খেয়াল রাখার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচরকে অনুরোধ জানান।

এ প্রসঙ্গে মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় বলেন, শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দালাল আছে কি-না, যদি কোন দালাল থাকে, তাদেরকে দ্রুত গ্রেফতার করতে হবে। তিনি বলেন, শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে সকল সংযুক্তি চিকিৎসক রয়েছেন, তাদের বেতন-ভাতা না দেয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচরকে তিনি পরামর্শ দেন। রোগীরা যাতে সেবা পায় সেদিকে খেয়াল রাখার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচরকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ** ১। শিবচর হাসপাতালের বিভিন্ন বেড, ওয়াশরুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

২। শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দালাল থাকলে তাদেরকে দ্রুত গ্রেফতার করতে হবে।

৩। চিকিৎসকগণ যাতে সময়মত হাসপাতালে আসেন এবং রোগীরা যাতে সঠিক চিকিৎসা পায় সেদিকে খেয়াল রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, গবাদি পশুর দানাদার খাবার কমিয়ে যদি ঘাস খাওয়ানো যায় তাহলে খামারীদের খরচ অনেকাংশ কমে যাবে। তিনি আরও বলেন, যারা হাসপাতালে গবাদি পশুর চিকিৎসা নিতে আসে তাদেরকে গরুর চুরির বিষয়ে সতর্ক থাকার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ)উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলায় কৃষি উপকরণের কোথাও কোন ঘাটতি নেই। সারের দাম সরকারী মূল্যে বিক্রি করা হচ্ছে। সারের দাম সরকারী নির্ধারিত মূল্যের চেয়ে যাতে দোকানদারগণ বেশী দামে বিক্রি করতে না পারে সে বিষয়ে মনিটরিং করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঘ) **এল,জি,ই,ডি বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে শিবচর উপজেলায় "উপজেলা উন্নয়ন তহবিল (UDF)" খাত থেকে নিম্নেবর্ণিত স্কীমসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

| ক্রঃ নং | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বন্দরখোলা ইউপি ভবন নির্মাণ। | ১২,০০,০০০.০০ | |
| ২ | নুরুনদ্দিন কান্দি এসইএসডিপি মডেল হাইস্কুল রং করন | ১,৬৫,৮৯২.০০ | |
| ৩ | মহামান্য রাষ্ট্রপতি আগমন উপলক্ষে সূর্য্য নগর হতে উৎরাইল বাজার রাস্তায় গাছে রং করন। | ১,৯৫,০০০.০০ | |
| ৪ | সাড়ে এগার রশি বেঃ সঃ প্রাঃ বিদ্যালয়ে স্বল্প ব্যয়ে সেমি পাকা ভবন নির্মাণ | ৪,৮৬,৮৩৬.০০ | |
| ৫ | নিলখি ইউনিয়নের ইউজেডআর-১২, মান্নান হাজীর বাড়ী হতে হালিম মাদবরের বাড়ীর রাস্তা মেরামত কাজ। | ৬,০৭,০১৫.০০ | RFQ |
| ৬ | মাদবরেরচর ইউনিয়নের মাদবরেরচর জিসি হতে সেরু চৌধুরীর হাট সড়ক মেরামত কাজ। | ৬,৮৫,৭৭১.০০ | |
| ৭ | উৎরাইল মহিলা দাখিল মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১৮,৫০,০০০.০০ | |
| ৮ | শিকদার হাট উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণ কাজ। | ২০,৪৯,৪৪০.০০ | |
| ৯ | শিকদার হাট উচ্চ বিদ্যালয়ের প্রবেশের রাস্তা ও শিকদারহাট বাজারের অভ্যন্তরে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন কাজ। | ১৪,৯৫,০০০.০০ | |
| ১০ | উপজেলা নির্বাহী অফিসার অফিসে ৩টি প্রিন্টারসহ ৩টি কম্পিউটার এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে ৩টি প্রিন্টারসহ ৩টি কম্পিউটার সরবরাহ করণ। | ১০,০০,০০০.০০ | RFQ |
| ১১ | সন্যাসির চর ইউনিয়নের রাজারচর মোল্যা কান্দি হাই স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ২১,৫৩,২৭০.০০ | |
| ১২ | শিবচর উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট নূর-ই-আলম চৌধুরী অডিটরিয়াম এবং পুরাতন উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সামনের জায়গায় কার পার্কিং এর চতুর্পার্শে ড্রেন নির্মাণ কাজ। | ১৯,৯৪,০৭০.০০ | |
| ১৩ | শিরুয়াইল ইউনিয়নের শিরুয়াইল উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১৪,৭৫,০০০.০০ | |
| ১৪ | উপজেলা পরিষদ কমপ্লেক্স এর প্রশাসনিক ভবনের ৩০ সেট ইন্টারকম সরবরাহ ও ফিটিংস কাজ। | ৩,৫০,০০০.০০ | |
| ১৫ | বীরমুক্তিযোদ্ধা আঃ হালিম ঢালীর বাড়ী হতে পশ্চিম বালাকান্দি জামে মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ | ১,২৫,০০০.০০ | |
| ১৬ | মরহুম ইলিয়াছ আহমেদ চৌধুরী হল রুম মেরামত এবং ইলেকট্রিক ও অন্যান্য ফিটিংস সংস্কার করণ কাজ। | ১০,০০,০০০.০০ | |
| ১৭ | মানিকপুর উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণ। | ১৮,৩০,০০০.০০ | |
| ১৮ | কাদিরপুর ইউনিয়নের কালাম মাদবরের বাড়ি পবন মোড়ল কান্দি রাস্তা এইচবিবি দ্বারা মেরামত | ৬,০০,০০০.০০ | RFQ |
| | সর্বমোট= | ১,৯২,৬২,২৯৪.০০ | |
| | | | |

সে মোতাবেক স্কীম সমুহের প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা উন্নয়ন তহবিল (টউস্ব)" তহবিল থেকে উপরোক্ত স্কীম সমূহের বিপরীতে সর্বমোট টা=১,৯২,৬২,২৯৪/- (এক কোটি বিরানব্বই লক্ষ বাষট্টি হাজার দুইশত চুরানব্বই) টাকা) মাত্র এর প্রস্তুতকৃত প্রাক্কলন সমূহ অনুমোদন করা হলো। উপরোক্ত স্কীম সমূহের বিপরীতে সর্বমোট টা=১,৬৩,৬৯,৫০৮/- (এক কোটি তিষট্টি লক্ষ উনসত্তর হাজার পাঁচশত আট টাকা) মাত্র ব্যয় মিটানোর নিমিত্তে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) এ দরপত্র আহবান করে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা উন্নয়ন তহবিল" খাত থেকে উপরোক্ত স্কীমের বিপরীতে ঠিকাদারের পাওনা বাবদ সর্বমোট টা==১,৬৩,৬৯,৫০৮/- (এক কোটি তিষট্টি লক্ষ উনসত্তর হাজার পাঁচশত আট টাকা) মাত্র মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

(ঙ) **প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলা "প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মজিব গোল্ডকাপে" মাদারীপুর জেলা পর্যায়ে চ্যাম্পিয়ান হয়েছে। তিনি আরও বলেন যে, ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের করোনার ভ্যাকসিন প্রদানের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে এবং ১১ অক্টোবর থেকে টিকাদান কার্যক্রম শুরু হবে।এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে,আগামী শিক্ষা বর্ষে নতুন শিক্ষাক্রম ৬ষ্ঠ হতে ৭ম শ্রেণীর বাস্তবায়িত শুরু হবে। এতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি পাবে। তিনি আরও বলেন যে, সকাল ০৯.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত স্কুল খোলা থাকবে। ছাত্র-ছাত্রীদের ইউনিক আইডির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ছ) **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, গত ২৭/৯/২০২২ এবং ২৮/৯/২০২২খ্রি: তারিখে প্রাতিষ্ঠানিক এবং উম্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। মা ইলিশ সংরক্ষণ অভিযান,২০২২ উপলক্ষে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ০৭ অক্টোবর হতে ২৮ অক্টোবর,২০২২ পর্যন্ত এ জাতীয় কার্যক্রম সফল করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। বর্তমানে সারা বছরের ন্যায় জেলেদের তালিকা তৈরী সংশোধন এবং হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ১৭ অক্টোবর,২০২২ তারিখে ইলিয়াস আহমেদ চৌধুরী মিলনায়তনে মাদারীপুর জেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। সকাল ৮.০০টা থেকে ভোট গ্রহণ শুরু হবে এবং বিকাল ২.০০ টায় ভোট শেষ হবে। আসন্ন জেলা পরিষদ নির্বাচনে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র, কাউন্সিলার, ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যগণ ভোটার। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঞ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, পরিবার পরিকল্পনা সেবা বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের যিধঃং অঢ়ঢ় গ্রুপ খোলা হয়েছে। যাতে করে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ফিল্ডে তাদের অবস্থান নিশ্চিত করা হয়। এছাড়া অনলাইনে এন্ট্রি করার জন্য প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে ট্যাব বিতরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে অনেক পদ শূন্য থাকায় সেবার মান বিঘ্নিত হচ্ছে। সেপ্টেম্বর/২০২২ মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৮০%। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর পল্লী বিদ্যুতের আওতায় প্রায় ১লক্ষ ২০ হাজার গ্রাহককে বিদ্যুৎ এর সংযোগ প্রদান করা এবং প্রতিমাসে প্রায় ১০০০জন নতুন গ্রাহক সংযোগ প্রদান করা হচ্ছে। বর্তমান লোড ২৮ মে:ওয়াট। বর্ধিত লোড একটি মাত্র ৩৩ কেভি ফিডার দ্বারা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে দ্রুত নির্মানাধীন শিবচর গ্রীডটি নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় চীফ হুইপ মহোদয়ের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

এ প্রসঙ্গে মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় বলেন, অবৈধ বিদ্যুতের লাইন থাকলে তা জরুরীভিত্তিতে বিদ্যুতের লাইন কেটে দেওয়ার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎকে নির্দেশ দেন।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, টি,আর ও কাবিখার নতুন বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দটি অনুমোদনের জন্য তালিকা জেলা প্রশাসক, মাদারীপুরে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**(ঢ) উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, খাদ্য বান্ধব বাদ পড়া তালিকা ইউনিয়ন হতে রেজুলেশনসহ অত্র দপ্তরে দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। আমন/২২ এর প্রস্তুতি ও মিল সার্ভে প্রতিবেদন জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করা হয়েছে।এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ত) **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান যে,সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ইউনিয়ন প্রতি ২৬টি গভীর নলকুপ স্থাপনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত ২৬টি গভীর নলকুপ স্থাপনের জন্য স্থানসমূহ চিহ্নিত করে প্রতিবেদন দেয়ার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলে এখনও পর্যন্ত কোন তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা/প্রতিবেদন প্রেরণের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ন্যাশনাল সার্ভিসের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বিবিধ আলোচনাঃ-১** সভাপতি বলেন, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয় মিটিং উপস্থিত থাকলে শিবচর উপজেলা পরিষদের সমস্যাগুলো দ্রুত সমাধান করা সহজতর হয়। তিনি বলেন, শিবচর উপজেলায় অনেক কিছু উন্নয়ন হয়েছে, কিন্তু উপজেলা অফিসার্স ক্লাবে তেমন উন্নয়নের ছোয়া লাগেনি। সে জন্য উপজেলা অফিসার্স ক্লাবটি যাতে হয়, সেদিকে নজর দেয়ার জন্য তিনি মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। তিনি মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয়কে আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত থেকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানান। তিনি বলেন, উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির মিটিং-এ অনেকেই উপস্থিত থাকেন না। তিনি শিবচর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে আহবায়ক করে এবং সংশ্লিষ্ট বিভাগের অফিস প্রধানদেরকে সদস্য-সচিব করে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট ১৭টি দপ্তরের স্ট্যান্ডিং কমিটির তালিকা সভায় উপস্থাপন করা হয় এবং উপজেলা পরিষদের মাসিক সভায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**বিবিধ আলোচনাঃ-২** জনাব মুনীর চৌধুরী, নবনির্বাচিত চেয়ারম্যান, জেলা পরিষদ, মাদারীপুর বলেন যে, বর্তমান সরকারের আমলে শিবচর উপজেলায় আজ যে ব্যাপক উন্নয়ন হয়েছে সবকিছুই মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ মহোদয়ের অবদান। আগে শিবচর হতে ঢাকা যেতে ৪-৫ ঘন্টা সময় লাগত। জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী পদক্ষেপে আজ স্বপ্নের সেতু পদ্মা সেতু নির্মাণ করা হয়েছে। এখন যোগাযোগ ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে।

**বিবিধ আলোচনাঃ-৩** জনাব ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর মহোদয় বলেন, শিবচর উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন, বর্তমান সরকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করছে। মাঠ পর্যায়ে কাজ না করলে সরকারের সাফল্য আসবে না। সাধারণ জনগণ থানায় গিয়ে যেন হয়রানির শিকার না হন, সে দিকে খেয়াল রাখতে হবে। কেউ কোন প্রকার লেনদেন (ঘুষ) করলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সরকারী কর্মকর্তাগণকে সরকারের দেয়া সময়সূচী সকাল ৮.০০টা থেকে অফিস করার জন্য পরামর্শ দেন। জনগণ যাতে সেবা পায়, সে দিকে লক্ষ্য রেখে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য উদাত্ত আহবান জানান।

**বিবিধ আলোচনাঃ-৪** মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ বলেন, উপজেলা পরিষদ খুবই গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। মাননীয় প্রধানমন্ত্রীর ইচ্ছে, "প্রতিটা গ্রাম হবে শহর" , "শহরের সকল সুযোগ সুবিধা হবে গ্রামে"। প্রতিটি উপজেলায় উপজেলা পরিষদ কমপ্লেক্স রয়েছে, সেখানে ১৭ মন্ত্রণালয়ের দপ্তর/ পরিদপ্তর রয়েছে। মাননীয় চীফ হুইপ মহোদয় বলেন, আগে শিবচরে যোগাযোগ ব্যবস্থা খারাপ ছিল। জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ট সাহসী পদক্ষেপে আজ পদ্মা সেতু নির্মিত হয়েছে। বর্তমানে পদ্মা সেতু হওয়ায় যোগাযোগ ব্যবস্থা অনেক উন্নত হওয়ায় ঢাকা থেকে উর্দ্ধতন সরকারী কর্মকর্তা শিবচর উপজেলায় এসে যে কোন অফিস/ স্কুল পরিদর্শন করতে পারেন, এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। উপজেলা পরিষদের মাসিক সভা নির্ধারিত তারিখ ধার্য্য করে দেয়ার জন্য তিনি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শিবচরকে নির্দেশনা প্রদান করেন। তিনি অফিসার্স ক্লাব উপজেলা রাজস্ব তহবিল হতে নির্মাণ করা যেতে পারে বলে মত দেন। তিনি প্রতি ০৩(তিন) মাস অন্তর উপজেলা পরিষদের মাসিক সভায় যোগ দিবেন মর্মে সভাকে আশ্বস্ত করেন।

**বিবিধ আলোচনাঃ-৫** মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ বলেন, ০৭অক্টোবর.২০২২ তারিখে বাংলাদেশ সরকারের মহামান্য রাস্ট্রপতি শিবচর, দত্তপাড়া ভিজিট করবেন। এজন্য রাস্তা কোথাও ভাংগা থাকলে তা জরুরীভিত্তিতে মেরামত করার জন্য এবং এসএফএফদের কাজে সহযোগিতা করার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন কৃষি জমির খুবই স্বল্পতা রয়েছে। কৃষি জমি না থাকলে খাদ্যের ঘাটতি দেখা দেবে। এজন্য তিনি কৃষি জমি যাতে নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি উদাত্ত আহবান জানান। উপজেলা পরিষদের যে স্ট্যান্ডিং কমিটি রয়েছে, সে কমিটির সদস্যদের নিয়মিত উপস্থিত থাকার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির মিটিং নিয়মত না হওয়ার উপজেলা পরিষদের কাজের উন্নতি হচ্ছে না। স্ট্যান্ডিং কমিটির মিটিংএ নিয়মিত উপস্থিত থাকার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করেন।

মাননীয় চীফ হুইপ মহোদয় আরো বলেন, স্কুল / মাদ্রাসায় শিক্ষক/ কর্মচারী নিয়োগ নিয়ে যেন কোন ধরণের ঘুষ লেনদেন করা যাবে না। অনেক শিক্ষক এলাকায় থাকেন না । এগুলো ঠিকমত মনিটরিং করার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী গাছ লাগানোর জন্য সদয় নির্দেশনা দিয়েছেন। তিনি অফিসসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের খালি জায়গায় বিভিন্ন ঔষধি/ ফলজাতীয় গাছের চারা রোপণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। মাননীয় চীফ হুইপ মহোদয় বলেন , কখনও চিন্তা করি নাই, পদ্মা সেতু হবে। সেই স্বপ্নের পদ্মা সেতু এখন নির্মিত হয়েছে। শিবচর উপজেলার কাঠালবাড়িতে কাজের পরিবেশ সৃষ্টি করতে হবে। সেখানে কোন ইন্ডাঃ নির্মাণ করা হলে শিবচরের মানুষের কাজের কর্মসংস্থান সৃষ্টি হবে। ইউপি চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন, কাজের মাধ্যমে ইউপি চেয়ারম্যানদেরকে মূল্যায়ন করা হবে। কাজের জবাবদিহিতা থাকতে হবে। নতুন ও পুরাতন ইউপি চেয়ারম্যানগণ মিলে একসাথে কাজ করার নির্দেশনা দেন। শিবচরে অপরিকল্পিতভাবে কোন কিছু নির্মাণ করা যাবে না। ভূমি দুস্যুরা যাতে হাইওয়ের পার্শ্বে কোন জমিতে কিছু নির্মাণ না করে , সেদিকে সকলকে খেয়াল রাখতে হবে। মাননীয় চীফ হুইপ মহোদয় আরও বলেন শারদীয় দূর্গা পুজা মন্ডপে যাতে কোন ধরণের অপ্রীতিকর কোন ঘটনা না ঘটে , সেদিকে বিশেষ নজর দেয়ার জন্য উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

**বিবিধ আলোচনা-০৬ঃ** নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে খাদ্যে ভেজালের হার কমাতে হবে।
বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৭ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

বাস্তবায়নেঃ ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর, মাদারীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

তারিখঃ ০৪-১০-২০২২ খ্রিঃ

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৭৬৮

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব .............................................. শিবচর, মাদারীপুর।

১২। অফিস

04.10.2022

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।